

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 18-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM Review Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন পিএসইউগুলিকে আর্থিক দিক দিয়ে আত্মনির্ভর হতে হলে পণ্য উৎপাদন এবং বাজারজাত করণের জন্য নতুন নতুন চিন্তা ভাবনা করতে হবে। সময়ের সঙ্গে এবং চাহিদার সঙ্গে সামুজ্য রেখে পণ্য উৎপাদন করতে হবে। এক্ষেত্রে ত্রিপুরা ফরেস্ট ডেভেলপমেন্ট এন্ড প্ল্যান্টেশন কর্পোরেশনকেও সময়োপযোগী চিন্তাভাবনা করে সিদ্ধান্ত নিতে হবে। গতকাল সচিবালয়ে ত্রিপুরা ফরেস্ট ডেভেলপমেন্ট এন্ড প্ল্যান্টেশন কর্পোরেশন-এর পর্যালোচনা সভায় আলোচনা করতে গিয়ে তিনি একথা বলেন। সভায় বনমন্ত্রী অনিমেষ দেববর্মা টিএফডিপিসি'র কর্মীদের দক্ষতা বৃদ্ধি করতে এবং সময়োপযোগী পদক্ষেপের মাধ্যমে বিভিন্ন সমস্যার সমাধান করতে সংশ্লিষ্ট আধিকারিকদের পরামর্শ দেন।

Governor Visit Saras Mela :

রাজ্যপাল ইন্দ্রসেনা বেড্ডি নাল্লু গতকাল হাপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ২০তম আঞ্চলিক সরস মেলা পরিদর্শন করেন। রাজ্যপাল বলেন, সরস মেলায় গ্রামীণ স্বউদ্যোগীরা তাদের উৎপাদিত সামগ্রী নিয়ে বসেন। এক্ষেত্রে সঠিক সহায়তা, দিক নির্দেশনা এবং বাজারজাতকরণের সুযোগ পেলে গ্রামীণ অর্থনীতিতে তা যথেষ্ট প্রভাব ফেলতে সক্ষম হবে। তিনি মেলায় আসা সকল দর্শনার্থীদের স্থানীয় ব্যবসায়ী এবং উৎপাদকদের কাছ থেকে বিভিন্ন সামগ্রী কেনার জন্য আহ্বান জানান।

PM, Ethiopia :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ওমানের সুলতানের সাথে দ্বিপাক্ষিক সম্পর্কের পর্যালোচনা করবেন এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় সম্পর্কে দৃষ্টিভঙ্গি বিনিময় করবেন। সেখানে একটি ব্যবসায়িক ফোরামে উভয় দেশের ব্যবসায়ী নেতাদের সম্বোধন করার কথা রয়েছে শ্রী মোদীর। উল্লেখ্য গতকাল সন্ধ্যায় ওমানের মাস্কাটে পৌঁছেছেন নরেন্দ্র মোদী। জর্ডান ও ইথিওপিয়ায় সফল সফর শেষ করে প্রধানমন্ত্রী ওমানে পৌঁছেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ইথিওপিয়ার সর্বোচ্চ পুরস্কার, 'দ্য গ্রেট ব্রিটেন অনার নিশান অফ ইথিওপিয়া'-তেও ভূষিত করেন ইথিওপিয়ান প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলী।

G RAM G :

লোকসভায় বিকশিত ভারত - জিআরএএম জি, বিল ২০২৫" বিবেচনা এবং পাসের জন্য গৃহীত হয়েছে। এই আইনটি বিশ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি আইন, ২০০৫ AMGNREGAকে প্রতিস্থাপন করবে। এই বিলটির লক্ষ্য ২০৪৭ সালের বিকশিত ভারতের জাতীয় দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি গ্রামীণ উন্নয়ন কাঠামো প্রতিষ্ঠা করা। বিলটি উত্থাপন করে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে, এই বিলটি ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার জন্য গ্রামগুলির উন্নয়ন নিশ্চিত করবে। তিনি বলেন, বিলটিতে কর্মসংস্থানের দিনের নিশ্চয়তা ১০০ দিনের থেকে বাড়িয়ে ১২৫ দিনের মজুরি কর্মসংস্থানের প্রস্তাব করা হয়েছে।

Prashasan Gaon ki Aur :

সুশাসন সপ্তাহ উপলক্ষ্যে 'প্রশাসন গাও কি ওর' প্রচারাভিযানে ধর্মনগরের যুবরাজনগর, কালাছড়া ও কদমতলা তিনটি ব্লক এলাকায় তিনটি প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। আগামী ১৯ ডিসেম্বর যুবরাজনগর ব্লকের বৈঠাংবাড়ি ইংলিশ মিডিয়াম এসবি স্কুলে, ২০ ডিসেম্বর কালাছড়া ব্লকের ইস্ট হরুয়া গ্রাম পঞ্চায়েতে, ২২ ডিসেম্বর কদমতলা ব্লকের বড়গোল গ্রাম পঞ্চায়েতে এই প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরগুলি অনুষ্ঠিত হবে। এদিকে গতকাল কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে চন্দ্রীপুর গ্রামে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে এস.টি, পি.আর.টি.সি, প্রতিবন্ধী শংসাপত্র প্রদান করা হয়।

Pilak Festival :

আগামী ৭ থেকে ৯ই জানুয়ারী তিনদিনের ঐতিহ্যবাহী পিলাক প্রহ্ন ও পর্যটন উৎসব জোলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলে অনুষ্ঠিত হবে। সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়ার পৌরহিত্যে এক বৈঠকে গতকাল এই সিদ্ধান্ত নেওয়া হয়।

BJP :

বিজেপি-র প্রদেশ সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য গতকাল নতুনদিল্লিতে নবনিযুক্ত সর্বভারতীয় কার্যকরী সভাপতি নবীন নীতিনের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যে বিজেপির সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

Santosh Trophy :

সন্তোষ ট্ৰফি জাতীয় সিনিয়ৰ ফুটবল প্ৰতিযোগিতা থেকে ত্ৰিপুৰা বিদায়
নিয়েছে। ডি-গ্ৰুপে নিজেদের দ্বিতীয় খেলায় গতৰাতে উমাকান্ত মিনি
স্টেডিয়ামে মিজোরাম ১-০ গোলে ৰাজ্যদলকে হাৰিয়ে দেয়।

Cooch Behar Trophy :

অনূৰ্ধ্ব ১৯ কোচবিহাৰ ট্ৰফি ক্ৰিকেটের চাৰদিনের খেলায় এম.বি.বি
স্টেডিয়ামে গতকাল দ্বিতীয় দিনে ৮ উইকেটে ৩৩৪ ৰান থেকে খেলতে
নেমে বিহাৰ প্ৰথম ইনিংসে সবকটি উইকেট হাৰিয়ে ৩৮০ ৰান কৰে।
জবাবে খেলতে নেমে ৰাজ্যদলের প্ৰথম ইনিংস মাত্ৰ ৯৮ ৰান কৰতে
সক্ষম হয়। ২৮২ ৰানে পিছিয়ে থেকে ফলোঅনে নেমে ত্ৰিপুৰা দ্বিতীয়
ইনিংসে দিনের শেষে ৫ উইকেট হাৰিয়ে ১৬১ ৰান কৰে।

Weather :

আজ আকাশ সাধাৰণত পৰিষ্কাৰ থাকবে। সকালে হালকা কুয়াশা
পড়েছে। আজ দিনের সৰ্বোচ্চ তাপমাত্ৰা ২৮ ডিগ্ৰি সেলসিয়াসের
কাছাকাছি থাকতে পারে। আজ ভোৰে সৰ্বনিম্ন তাপমাত্ৰা ছিল ১৪
দশমিক ২ ডিগ্ৰি সেলসিয়াস।
